কালের কণ্ঠ

তারিখ: 23 FEB 2016
পৃষ্ঠা: ২-৩ কলাম: ২

# মণিরামপুরে অধ্যক্ষের হাত-পা ভেঙে দিল ছাত্ররা

**মণিরামপুর (যশোর) প্রতিনিধি ▷**

যশোরের মণিরামপুরে এক কলেজ অধ্যক্ষের হাত-পা ভেঙে দিয়েছে তাঁরই ছাত্ররা। এ সময় তারা অধ্যক্ষের ব্যবহৃত মোটরসাইকেলটিও ভেঙে গুঁড়িয়ে দেয়। উপজেলার রাজগঞ্জ বাজারে রবিবার বিকেলে ঘটনাটি ঘটে।

স্থানীয় ও প্রত্যক্ষদর্শীরা জানায়, আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সকালে কলেজ প্রাঙ্গণে শহীদ মিনারে ফুল দেওয়ার পর আলোচনা অনুষ্ঠানকে কেন্দ্র করে উপজেলার রাজগঞ্জ ডিগ্রি কলেজের অধ্যক্ষ আব্দুল লতিফের সঙ্গে ওই কলেজের কয়েকজন ছাত্রের বাগ্‌বিতণ্ডা হয়। একপর্যায়ে অধ্যক্ষ বাগ্‌বিতণ্ডায় লিপ্ত ওই কলেজের ডিগ্রির ছাত্র সৈকত ও জিসানকে চড়থাপ্পড় দেন।

এরই জের ধরে বিকেলে রাজগঞ্জ বাজারের মফিজুর রহমান নামের এক ব্যবসায়ীর প্রতিষ্ঠানের সামনে জিসান ও সৈকতের নেতৃত্বে পাঁচ-ছয় ছাত্র তাঁকে বেধড়ক পিটিয়ে হাত-পা ভেঙে দেয়। আহত অধ্যক্ষকে চিকিৎসার জন্য যশোর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

অধ্যক্ষ আব্দুল লতিফ বলেন, 'শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণের পর আলোচনা অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য ওই ছাত্রদের আহ্বান করলে তারা তাতে সাড়া না দিয়ে আমার সঙ্গে তর্ক জুড়ে দেয়। একপর্যায়ে তাদের শাসন করি। তারপর তারা এ ঘটনা ঘটিয়েছে।'